# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ২৫ এপ্রিল, ২০১৩ |
| সময় | ঃ | বেলা ১১-০০ টা |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সাঈদ আনোয়ারুল ইসলাম<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড<br>ও<br>স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক'-এ উপস্থাপন করা হলো।

সভার শুরুতেই উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

আলোচ্যসূচী-১ঃ গত ৩১ মার্চ, ২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ গত ৩১ মার্চ, ২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়ীকরণ করা হলো।

আলোচ্যসূচী-২ঃ মার্চ, ২০১৩ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ মার্চ, ২০১৩ মাসে গৃহকর বাবদ ১২,৭৬,৪৮৬.০০ টাকা এবং দোকান ভাড়া বাবদ ৮,৭৫,১৩৬.০০ আদায় হয়েছে। মার্চ, ২০১৩ পর্যন্ত এ বছরের ক্রমপুঞ্জীভুত আদায়ের হার ৯৫.৯৩%। জুন, ২০১৩ মাস নাগাদ অবশিষ্ট গৃহকর এবং দোকান ভাড়া আদায় হবে মর্মে সভাকে অবহিত করা হয়।

আলোচ্যসূচী-৩ঃ মার্চ, ২০১৩ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ মার্চ, ২০১৩ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৪ঃ মার্চ, ২০১৩ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসের পরিষ্কার পরিচ্ছন্নতা সন্তোষজনক। ৯০১ সেন্ট্রাল ওয়ার্কশপ ও সংলগ্ন এলাকাসহ সেনানিবাসের বিভিন্ন এলাকায় উইভিল পোকার উপদ্রব ছড়িয়ে পড়ছে। যা জরুরী ভিত্তিতে নিয়ন্ত্রণে আনা প্রয়োজন। এ বিষয়ে স্টেশন হেলথ অর্গানাইজেশন কর্তৃক যথাযথ পদক্ষেপ গ্রহণ করছে মর্মে সভাকে অবহিত করা হয়। রজনীগন্ধা সুপার মার্কেটের খাবার হোটেল/রেষ্টুরেন্ট এর পরিবেশ উন্নত করা প্রয়োজন। স্টেশন হেলথ অর্গানাইজেশন এবং ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৫ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমতি ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতা/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতা/গ্রহীতার নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ/ডিক্লারেশন অব হেবা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | বাড়ী#১৫/সি, রোড#২, ফ্ল্যাট#৪-বি ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | আর্কিটেক্ট আহমেদ রিয়াদ মোমেন (নিযুক্তীয় আম-মোক্তার) ব্যবস্থাপনা পরিচালক, মোমেন রিয়েল এস্টেটস্ লিমিটেড বাড়ী#১৫১, লেন#৪, ইস্টার্ণ রোড, ডিওএইচএস মহাখালী, ঢাকা-১২০৬ তাং-১৬/১০/২০১২ | মেজর (অবঃ) শরীফ মাহমুদুল হক পিতা- কর্ণেল (অবঃ) ফজলুল হক শরীফ ২৮১, শহীদ বদিউজ্জামান রোড, ঢাকা সেনানিবাস। | ০৬/৩/২০১৩ তারিখের ২৩.০৫.৫০১.২০০.০২.১ ২১.ফ্ল্যাট-৩৫৩৫ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন- ৩,০৬০ বঃ ফুঃ (কার পার্কিংসহ) বার্ষিক গৃহকর- ২২,৫০০/-টাকা জুন, ২০১৩ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই । বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত ক্রেতার অনুকূলে ১৫/সি নং প্লটে নির্মিত বাড়ীর ৪-বি নং ফ্ল্যাটটি বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৬ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট নামজারী ঃ-

| ক্র/নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | গ্রহীতা/ক্রেতার নাম, ঠিকানা ও আবেদনের তারিখ | বিক্রেতা/দাতার নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র/ রেজিস্ট্রিকৃত হেবা দলিলমূলে | বিক্রয়/ হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | বাড়ী#৬৯ ফ্ল্যাট# ৩০১ (৩য় তলা), রোড#৭ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস কাওসার জাহান স্বামী- জনাব মোঃ সাইফুল্লাহ তালুকদার বাড়ী#৬৯ ফ্ল্যাট# ৩০১ (৩য় তলা), রোড#৭ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকাসেনানিবাস। তাং- ০১/৪/২০১৩ | সৈয়দ শফিউর রশিদ পিতা- মরহুম সৈয়দ হারুন অর রশিদ বাড়ী#৬৯, রোড#৭ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ২৫/১/২০০৫ তারিখের ১৩০০/১২০/ ৫৭/৫/খ | ১৬/৪/২০০৫ তারিখের ঢাক্যাবো/ ক্যাঃবাঃএঃ/৬৯/ ফ্ল্যাট নং- ৩০১/৭ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন-২০৫০ বঃ ফুঃ (কার পার্কিং/কমন স্পেসসহ) বাৎসরিক গৃহকর ১১,২৫০/- টাকা এবং তা জুন, ২০১৩ পর্যন্ত পরিশোধ করা হয়েছে। অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি নেই। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| (২) | বাড়ী#৭৯ ফ্ল্যাট# এ/২ (২য় তলা-পশ্চিম), রোড#১১ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস শামীম ফাতিমা স্বামী- জনাব মোঃ সেরাজুল হক বাড়ী#৭৯ ফ্ল্যাট# এ/২ (২য় তলা-পশ্চিম), রোড#১১ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ০২/৪/২০১৩ | মিসেস শাহিলা কবির স্বামী- ড. বাবর কবির বাড়ী#৭৯ ফ্ল্যাট# এ/২ (২য় তলা-পশ্চিম), রোড#১১ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ২৬/৮/২০১৫২ তারিখের ২৩.০৫.৫০১.৩ ০০.১০.০২৯.০ ১.২৬.০৮.১২ | ১০/১০/২০১২ তারিখের ঢাক্যাবো/ ক্যাঃবাঃএঃ/৭৯/ ফ্ল্যাট নং-এ-২/৩৪ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন-১৬৫০ বঃ ফুঃ (কার পার্কিং/কমন স্পেসসহ) বাৎসরিক গৃহকর ২৬,২৫০/- টাকা এবং তা জুন, ২০১৩ পর্যন্ত পরিশোধ করা হয়েছে। অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি নেই। |

গৃহীত সিদ্ধান্ত ঃ রেজিস্ট্রি দলিলমূলে ক্রেতাগণের নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৭ঃ ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ইজারা প্রদত্ত প্লটে পাওয়ার অব এটর্নি নিয়োগ সংক্রান্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ইজারাকৃত প্লটে আম-মোক্তার বা পাওয়ার অব এটর্নি নিয়োগের পূর্বে বোর্ডের অনুমতি গ্রহণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। তবে ইতোমধ্যে যে সকল প্লট/জমি/স্থাপনাতে পাওয়ার অব এটর্নি নিয়োগ করা হয়েছে তা নিয়মিত করার জন্য রেজিস্ট্রিকৃত আম-মোক্তারনামার কপিসহ ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার বরাবর আবেদন করতে হবে; যা বোর্ডের বিজ্ঞ আইন-উপদেষ্টার আইনগত মতামতের ভিত্তিতে নিষ্পত্তি করা হবে। এছাড়াও এখন হতে বোর্ডের পূর্বানুমতি ব্যতিরেকে ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত জমির কোন আম-মোক্তারনামা বা পাওয়ার অব এটর্নি রেজিস্ট্রেশন না করার জন্য সাব-রেজিস্টার অফিস-কে পত্র প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৮ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১৯৯৭-৯৮ সালের ৫ ও ৯, ১৯৯৮-৯৯ সালের ৪ এবং ১৯৯৯-২০০০ সনের ২০ নং অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ অডিটে আপত্তিকৃত অর্থ আদায় করার জন্য আইনগত পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৯ঃ খেতাব প্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা ব্রিগেঃ জেনাঃ মোহাম্মদ শহীদুল ইসলাম (অবঃ) বীর প্রতীক এর মালিকানাধীন মহাখালী ডিওএইচএস এর বি/১২৫ এবং জনাব মোঃ আজাদ আলী, বীর প্রতীক এর মালিকানাধীন বারিধারা ডিওএইচএস এর ৩২৩ নং বাড়ীর গৃহকর মওকুফের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ সরকারী সিদ্ধান্ত মোতাবেক শুধুমাত্র আবেদনকারীর মালিকানাধীন বাড়ী/ফ্ল্যাট এর গৃহকর মওকুফ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১০ঃ গুলশান-বনানী-বারিধারা লেক সম্পর্কিত মহামান্য সুপ্রীম কোর্টের নির্দেশনা বাস্তবায়নের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনান্তে বারিধারা ডিওএইচএস এলাকার প্রতিটি বাড়ীতে বাড়ীর মালিকের নিজ খরচে STP (Soak/Sewage Treatment Plant) স্থাপন নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হলো। বিষয়টি বারিধারা ডিওএইচএস এলাকার প্রতিটি বাড়ীর মালিককে সংশ্লিষ্ট ডিওএইচএস পরিষদ এর মাধ্যমে অবহিত করণসহ বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১১ঃ কচুক্ষেত এলাকার গৃহকর পুনঃনির্ধারণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসস্থ কচুক্ষেত এলাকার অধিকাংশ বাড়ীর গৃহকর ১৯৯৮ সন বা তার আগে নির্ধারণ করা হয়েছে। উক্ত বাড়ীসমূহের গৃহকর এযাবৎ পুনঃ নির্ধারণ করা হয়নি। ইতোমধ্যেই অধিকাংশ টিনসেড/সেমিপাকা বাড়ী ভেঙ্গে বহুতল ভবন নির্মাণ করা হয়েছে। ক্যান্টনমেন্ট বোর্ডের রাজস্ব আয় বৃদ্ধি এবং এলাকার উন্নয়নের জন্য কচুক্ষেত এলাকার গৃহকর পুনঃনির্ধারণের লক্ষ্যে নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করা হলো ঃ-

| | | | |
|---|---|---|---|
| (১) | জনাব হেলাল উদ্দিন আহমেদ, সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সভাপতি |
| (২) | রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৩) | এসেসর, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৪) | সংশ্লিষ্ট এলাকার ট্যাক্স কালেক্টর, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |

আলোচ্যসূচী-১২ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের বি/১০ নং দোকান হস্তান্তর ফি কমানোর আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটস্থ বি/১০ নং দোকানটি বিক্রয়/হস্তান্তরের অনুমতি চেয়ে গত ১৮/৩/২০১৩ তারিখে আবেদন করেন। কিন্তু গত ৩১ মার্চ, ২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৯ এর মাধ্যমে ১ (এক) লক্ষ টাকার স্থলে ২ (দুই) লক্ষ টাকা হস্তান্তর ফি আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়। যেহেতু উক্ত দোকান হস্তান্তরের আবেদন নতুন বোর্ড সিদ্ধান্তের আগেই করা হয়েছিল সেহেতু উক্ত দোকান হস্তান্তর ফি বাবদ ১ (এক) লক্ষ টাকা পরিশোধ করার অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৩ঃ ঢাকা সেনানিবাসস্থ শহীদ জাহাঙ্গীর গেটের উত্তর পার্শ্বে স্বাধীনতা টাওয়ার প্রজেক্টে জাস নাম ব্যবসা প্রতিষ্ঠানের অনুকূলে রেষ্টুরেন্ট, ক্যাফে, বার, এক্সপোর্ট-ইমপোর্ট ও রিটেইল ব্যবসার ট্রেড লাইসেন্স প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে উল্লেখ্য যে, উক্ত প্রতিষ্ঠানের অনুকূলে ডিজিএফআই কর্তৃক নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে 'জাস' এর অনুকূলে রেষ্টুরেন্ট, ক্যাফে, বার, এক্সপোর্ট-ইমপোর্ট, কমিউনিটি সেন্টার ও রিটেইল ব্যবসার ট্রেড লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস ক্যান্টিন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস ক্যান্টিন পরিচালনার জন্য যোগ্য ও অভিজ্ঞ রেস্টুরেন্ট/ক্যান্টিন পরিচালনাকারী প্রতিষ্ঠান নিয়োগের কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৫ঃ ঢাকা সেনানিবাস এলাকায় ট্রাস্ট ব্যাংক এর একটি কাষ্টমার কেয়ার সেন্টার (টি-লবি) পরিচালনার জন্য ৫০০ বর্গফুট জায়গা বরাদ্দের বিষয়ে ট্রাষ্ট ব্যাংকের ১১/৪/২০১৩ তারিখের টিবিএল/জিএসএসডি/২০১৩/৯০৯ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আপাততঃ ট্রাস্ট ব্যাংকের চাহিদাকৃত স্থান বরাদ্দ করা সম্ভবপর নয় মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হলো। বিষয়টি ব্যাংক কর্তৃপক্ষকে অবহিত করা হলো।

আলোচ্যসূচী-১৬ঃ মহাখালী প্লট নং-৭ এর সম্মুখের ৩৭ শতাংশ জায়গা সেনা কল্যাণ সংস্থাকে লীজ প্রদানের বিষয়ে সেনা কল্যাণ সংস্থার ২৮/২/২০১৩ তারিখের এসকেএস/১৪৯৬/আরইডি/৪০ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে মহাখালী বাণিজ্যিক ৭ নং প্লটের সম্মুখস্থ ক্যান্টনমেন্ট বোর্ডের 'সি' শ্রেণীভুক্ত ৩৭ শতাংশ ভিটি জমির মধ্যে মামলার আওতাধীন ৭ শতাংশ জমি বাদ দিয়ে অবশিষ্ট জমির সরকার নির্ধারিত মূল্য প্রতি শতাংশ ২২,৭৩,০০০/- (বাইশ লক্ষ তিয়াত্তর হাজার) টাকা হারে ৩০ শতাংশের মূল্য ৬,৮১,৯০,০০০০/- (ছয় কোটি একাশি লক্ষ নব্বই হাজার) টাকা হয়। উক্ত মূল্যের ৬% হিসেবে বাৎসরিক খাজনা ৪০,৯১,৪০০/- (চল্লিশ লক্ষ একানব্বই হাজার চারশত) টাকার ১০ গুণ হারে ৪,০৯,১৪,০০০/- (চার কোটি নয় লক্ষ চৌদ্দ হাজার) টাকা প্রিমিয়াম নির্ধারণপূর্বক সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের মাধ্যমে সরকারের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে সিএলএ রুলের সিডিউল-৫ অনুযায়ী ৩০ বছরের জন্য ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৭ঃ বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারের কার্যক্রম ০১ মে, ২০১৩ হতে সংশ্লিষ্ট ডিওএইচএস পরিষদ কর্তৃক পরিচালনা সংক্রান্ত ডিওএইচএস পরিষদ এর ২০ এপ্রিল, ২০১৩ তারিখের ডিওএইচএস-বা/১৫৫/কনভেনশন নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারটি ০১/৫/২০১৩ তারিখ হতে বারিধারা ডিওএইচএস পরিষদ কর্তৃক হল বুকিংসহ অন্যান্য রুম সমূহ টেন্ডারের মাধ্যমে ভাড়া দেয়ার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে মর্মে পরিষদ ২০/৪/২০১৩ তারিখের ডিওএইচএস-বা/১৫৫/কনভেনশন নং পত্রে অবহিত করা হয়েছে। বিস্তারিত আলোচনান্তে কনভেনশন সেন্টারটি হস্তান্তর বিষয়ে গত ২৭/২/২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১১ এর মাধ্যমে গঠিত কমিটির প্রতিবেদনের আলোকে ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। একই সাথে উক্ত কার্যক্রম গ্রহণের পূর্বে ডিওএইচএস পরিষদ কর্তৃক ভাড়া প্রদান সংক্রান্ত সকল ধরনের কার্যক্রম বন্ধ রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। বিষয়টি বারিধারা ডিওএইচএস পরিষদ-কে অবহিত করা হোক।

আলোচ্যসূচী-১৮ঃ মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স এর কনসালটেন্সি ফি বৃদ্ধির বিষয়ে উক্ত কাজে নিয়োজিত প্রতিষ্ঠান ইনডিজেনাস এর ২২ মার্চ, ২০১৩ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ সংশ্লিষ্ট কনসালটেন্টের সাথে সম্পাদিত এ সংক্রান্ত চুক্তিপত্র সিএমইএস(আর্মি) এর মাধ্যমে পর্যালোচনা করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৯ঃ ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের পুরাতন ভবন ব্যবহার সংক্রান্ত চীফ মেডিক্যাল অফিসারের ২২/৪/২০১৩ তারিখের সিজিএইচ/বহি/৪৮ নং পত্র।

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের পুরাতন ভবন রিনোভেশন করে নিচ তলায় ক্যাফেটেরিয়া, ল্যাব এবং দোতলায় ডাক্তার চেম্বার স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো। সভায় উপস্থাপিত এ সংক্রান্ত প্রেজেন্টেশন উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হওয়ার পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

আলোচ্যসূচী-২০ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিদ্যমান সিসি ক্যামেরা সিস্টেমের সাথে আরো ৪টি ক্যামেরা সংযোজনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অধিকাংশ স্থান সিসি ক্যামেরার আওতায় আনা হয়েছে। কিন্তু গ্যারেজ, নার্সারী ও অফিসের ব্যাকইয়ার্ডের কিছু স্থান অদ্যাবধি সিসি ক্যামেরার আওতায় আনা হয়নি। উক্ত এলাকাগুলির কার্যক্রম নিয়মিত তদারকি করার জন্য আরো ৪টি নতুন ক্যামেরা ও ২টি ট্যারাবাইট হার্ডডিস্ক সংযোজন (আনুষঙ্গিক ওয়্যারিং ও ফিটিংসসহ) বাবদ আনুমানিক ৯৫,০০০/- টাকা ব্যয় হবে। প্রস্তাবটি অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২১ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ডিজিটাল পিএবিএক্স ও ইন্টারকম সিস্টেম স্থাপনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ৪৮ লাইন বিশিষ্ট (১২৮ লাইন পর্যন্ত বর্ধিত করা যাবে) Panasonic (KX-TDA100D) ডিজিটাল পিএবিক্স কাম ইন্টারকম স্থাপন কাজের জন্য ২,৭০,০০০/- টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২২ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ইলেক্ট্রনিক্স এ্যাটেনডেন্স সিস্টেম বাৎসরিক সার্ভিসিং চুক্তিপত্র সম্পাদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ইলেক্ট্রনিক্স এ্যাটেনডেন্স সিস্টেম বাৎসরিক সার্ভিসিং এর জন্য ট্রেডকম ইন্টারন্যাশনাল এর সাথে মাসিক ১,০০০/- টাকা প্রদানের চুক্তিপত্র সম্পাদন করার অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৩ঃ আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী স্কুলের বিভিন্ন সফটওয়্যার প্রস্তুতকারী প্রতিষ্ঠান দেশ ইউনিভার্সেল (প্রাঃ) লিঃ কর্তৃক ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত অন্যান্য স্কুল ও কলেজের সফটওয়্যার প্রস্তুত করণ সংক্রান্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ১৮ এপ্রিল, ২০১৩ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী স্কুলের বিভিন্ন সফটওয়্যার প্রস্তুতকারী প্রতিষ্ঠান দেশ ইউনিভার্সেল (প্রাঃ) লিঃ এর প্রস্তাবিত সফটওয়্যার এর মডিউলসমূহ বিস্তারিত পর্যালোচনা করে পর্যায়ক্রমে অন্যান্য স্কুলগুলোতে ব্যবহার করা যেতে পারে। এ বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণের মতামত সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্যসূচী-২৪ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | লেঃ কর্ণেল মোঃ আনিসুর রহমান সরদার | ২৮০ | মিরপুর ডিওএইচএস | - | সংশোধিত ০৭ সাত তলা নতুন ভবন (খালি প্লট) |
| (২) | মিসেস হোসেনা আরা বেগম | ৪১৯ | মিরপুর ডিওএইচএস | - | ০৭ সাত তলা নতুন ভবন |
| (৩) | মেজর মোঃ আতিয়ার রহমান (অবঃ)<br>কর্ণেল মোঃ হাবিবুর রহমান | ৫৩৩<br>৫৩৫ | মিরপুর ডিওএইচএস | - | সংশোধিত ০৭ সাত তলা নতুন ভবন (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (৪) | লেঃ কর্ণেল মাহবুব-ই-সোবহানী সিকদার (অবঃ) | ৫৬৮ | মিরপুর ডিওএইচএস | - | ০৭ সাত তলা নতুন ভবন |
| (৫) | রিয়ার এডমিরাল কাজী সারোয়ার হোসেন (ট্যাজ) (সিডি), এনসিসি, পিএসসি | ৫৭৭ | মিরপুর ডিওএইচএস | - | সংশোধিত ০৭ সাত তলা ভবন (খালি প্লট) |
| (৬) | মেজর জেনাঃ এ কে এম মমিনুর রহমান | ৫৯১ | মিরপুর ডিওএইচএস | - | ০৭ সাত তলা নতুন ভবন |
| (৭) | মিসেস শাহনাজ পারভীন গং | ৬১৩ | মিরপুর ডিওএইচএস | - | ০৭ সাত তলা নতুন ভবন |
| (৮) | লেঃ কর্ণেল (অবঃ) এ কে এম জাহিদ হোসেন | ৬৭৭ | মিরপুর ডিওএইচএস | - | সংশোধিত ০৭ সাত তলা নতুন ভবন (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (৯) | ব্রিগেঃ জেনাঃ (অবঃ) নাজমুল হোসাইন | ৭৭২ | মিরপুর ডিওএইচএস | - | ০৭ সাত তলা নতুন ভবন |
| (১০) | লেঃ কর্ণেল (অবঃ) মোঃ মোস্তাফিজুর রহমান | ৭৯২ | মিরপুর ডিওএইচএস | - | ০৭ সাত তলা নতুন ভবন |
| (১১) | লেঃ কর্ণেল (অবঃ) চৌধুরী মোঃ ইকরামুল লতিফ | ৮৪৩ | মিরপুর ডিওএইচএস | - | ০৭ সাত তলা নতুন ভবন |
| (১২) | ব্রিগেঃ জেনাঃ মোঃ মোস্তাফিজুর রহমান | ৮৭২ | মিরপুর ডিওএইচএস | - | ০৭ সাত তলা নতুন ভবন |
| (১৩) | মেজর জেনাঃ মোঃ আব্দুল কাদের | ৮৮৪ | মিরপুর ডিওএইচএস | - | সংশোধিত ০৭ সাত তলা নতুন ভবন (বেজমেন্টসহ) খালি প্লট |
| (১৪) | মেজর জেনাঃ আবুল হোসেন, এনডিসি, পিএসসি | ১০২৫ | মিরপুর ডিওএইচএস | - | ০৭ সাত তলা নতুন ভবন |
| (১৫) | লবি রহমান<br>স্বামী- শহীদ কর্ণেল কুদরত ইলাহী রহমান শফিক | ১১৭৫ | মিরপুর ডিওএইচএস | - | ০৭ সাত তলা নতুন ভবন |
| (১৬) | ইঃ ক্যাপ্টেন মীর গোলাম সবুর (অবঃ) | ১১৭৮ | মিরপুর ডিওএইচএস | - | ০৭ সাত তলা নতুন ভবন |
| (১৭) | লেঃ কর্ণেল (অবঃ) মোঃ জামাল উদ্দিন আহমেদ | ১১৭৯ | মিরপুর ডিওএইচএস | - | ০৭ সাত তলা নতুন ভবন |
| (১৮) | কমান্ডার মোঃ সামছুল আলম মিঞা, বিএন | ১২১৯ | মিরপুর ডিওএইচএস | - | ০৭ সাত তলা নতুন ভবন |
| (১৯) | কর্ণেল মোঃ আশফাকুল ইসলাম | ১২৩৫ | মিরপুর ডিওএইচএস | - | ০৭ সাত তলা নতুন ভবন |
| (২০) | ব্রিগেঃ জেনাঃ মোঃ হাবিবুর রহমান<br>ব্রিগেঃ জেনাঃ মোঃ মজিবুর রহমান | ১২৮৬<br>১২৮৭ | মিরপুর ডিওএইচএস | - | ০২টি প্লটে যৌথভাবে ০৭ সাত তলা নতুন ভবন |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| (২১) | মেজর জেনাঃ আজিজ আহমেদ, পিএসসি, জি | ১৩২০ | মিরপুর ডিওএইচএস | - | ০৭ সাত তলা নতুন ভবন |
| (২২) | গ্রুপ ক্যাপ্টেন মোঃ আলমগীর (অবঃ) | ১৩৬১ | মিরপুর ডিওএইচএস | - | ০৭ সাত তলা নতুন ভবন |
| (২৩) | মিসেস নাজমা আকবর | ২৫৭/এ | মহাখালী ডিওএইচএস | ০৯/৪/২০১৩ | সংশোধিত ০৭(সাত) তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) |
| (২৪) | ব্রিগেঃ জেনাঃ মোঃ মাহমুদুল হক (অবঃ) | ৩৭৬/এ | মহাখালী ডিওএইচএস | - | সংশোধিত ০৭(সাত) তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) |
| (২৫) | লেঃ কর্ণেল (অবঃ) মোঃ আব্দুল আজিজ মোল্লা | ৪৫০/৫ | বারিধারা ডিওএইচএস | - | সংশোধিত ০৭(সাত) তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) |
| (২৬) | জনাব লায়েক আহমেদ চৌধুরী গং | ৫১ | ক্যান্টনমেন্ট বাজার এলাকা | - | সংশোধিত ০৭ তলা নতুন ভবন (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (২৭) | সৈয়দ মোজাম্মেল হোসেন গং | সিবি-৯৯/১ | কচুক্ষেত পুরান বাজার এলাকা মৌজা- লালাসরাই | - | ০৭ (সাত) তলা নতুন ভবন |
| (২৮) | হাজী মোঃ সিরাজুল ইসলাম নান্নু | সিবি-১৮২/৩, সিএস-১৪০ (অংশ) | কচুক্ষেত পুরান বাজার এলাকা মৌজা- লালাসরাই | - | ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ |
| (২৯) | এইচ এম ওলি উল্লাহ বাদশা (বাদল) | সিবি-২৭৮/৪, সিএস-১২৮ (অংশ) | কচুক্ষেত পুরান বাজার এলাকা মৌজা- লালাসরাই | - | ০৭(সাত) তলা নতুন ভবন নির্মাণ (বিমান সদর দপ্তরের শর্তানুযায়ী) |

গৃহীত সিদ্ধান্ত ঃ নকশাগুলো অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হলো ঃ-

(ক) Land point of view- তে ডিওএইচএস এলাকার জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল এবং অন্যান্য ক্ষেত্রে বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্রমিক নং-১ হতে ১২ এবং ১৪ হতে ২২ এ বর্ণিত মিরপুর ডিওএইচএস এর ২১টি প্লট, ক্রমিক নং-২৭ এ বর্ণিত ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১টি প্লট এবং ক্রমিক নং-২৭ হতে ২৮ এ বর্ণিত কচুক্ষেত পুরান বাজার এলাকার ২টি প্লটসহ মোট ২৪টি প্লটে ০৭(সাত)/০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণের নকশা অনুমোদন করা হলো।

(খ) ক্রমিক নং-১৩ এ বর্ণিত মিরপুর ডিওএইচএস এর ৮৮৪ নং প্লটে বেজমেন্ট নির্মাণের বিষয়ে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরের মতামত গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-২৯ এ বর্ণিত কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-২৭৮/৪ নং প্লটের দাখিলকৃত নকশা বিমান সদর দপ্তর কর্তৃক ভেটিং সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

(গ) ক্রমিক নং-২৩ হতে ২৫ এ উল্লেখিত ভার্টিক্যাল এক্সটেনশনের সংশোধিত নকশা এমআইএসটি কর্তৃক কারিগরী প্রত্যয়ন প্রাপ্তি সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং বাবদ যাবতীয় খরচ সংশ্লিষ্ট প্লট মালিককে বহন করতে হবে।

উল্লেখ্য যে, প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান কর্তৃক বাড়ী নির্মিত হলে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে।

আলোচ্যসূচী-২৫ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | এমইএস সিডিউল অব রেইটস, ২০১০ মোতাবেক মূল্যানুমান | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অফিস ভবন মেরামত ও সংস্কার কাজ। | ৫,৩১,০৯৩/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (২) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ৪/এ নং বাসার মেরামত ও সংস্কার কাজ। | ৮৮,২১৮/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৩) | রজনীগন্ধা সুপার মার্কেটের পূর্ব পার্শ্বে শহীদ বদিউজ্জামান রোড সাইডে কাঁটা তারের বেড়া নির্মাণ এবং রজনীগন্ধা সুপার মার্কেটের পূর্ব পার্শ্বে গেইট বন্ধকরণ। | ৯৬,০৬৮/- টাকা | রজনীগন্ধা সুপার মার্কেটের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৪) | মিরপুর ডিওএইচএস এর প্লট নং-৬৩০ হতে ৭৭৯ নং প্লট পর্যন্ত রাস্তার উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ২৩,৬৯,৫৮০/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (৫) | শহীদ মঈনুল রোডের অফিসার্স কোয়ার্টার এলাকার শিশু পার্কের খেলনা সামগ্রী মেরামতসহ রংকরণ কাজ। | ২৫,৩৩৩/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৬) | শহীদ সরণির ফুটপাতের জন্য আরসিসি স্ল্যাব নির্মাণ। | ১২,৯২৪/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৭) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল ও কলেজের বিদ্যুৎ লাইন স্থানান্তর। | ১,০৯,৩৭৩/- টাকা | কলেজ ও স্কুলের তহবিল |

| | | | |
|---|---|---|---|
| (৮) | ক্যান্ট হাউজের জন্য একটি আইপিএস সরবরাহ। | ৫৪,০০০/- টাকা | বিদ্যুৎ শাখার মেরামত ও রক্ষণাবেক্ষণ |

গৃহীত সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত মূল্যানুমানগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং- ২, ৫ ও ৬ এ উল্লেখিত কাজের জন্য মেরামত ও রক্ষণাবেক্ষণ খাতে বর্তমান অর্থ বছরে পর্যাপ্ত অর্থ না থাকায় তা আগামী অর্থ বছরে বাজেট প্রাপ্তি সাপেক্ষে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-৩ ও ৮ এ উল্লেখিত কাজের দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট মূল্যানুমানগুলোর চূড়ান্ত অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৬ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান | Responsive Tenderer | উদ্ধৃত্ত দর | ব্যয়ের খাত |
|---|---|---|---|---|---|
| ১। | মিরপুর সেনানিবাসস্থ এমইএস স্টাফ কোয়ার্টার এলাকায় শিশুপার্কের ০২(দুইটি) খেলনা সামগ্রী স্থাপন। | ৯৪,১৭৪/- | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিঃ ওয়ার্কসপ | ৯৭,৭০৫/৫২ | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| ২। | শহীদ জাহাঙ্গীর গেটের ফুটপাতে ৯৪১ সেন্ট্রাল ওয়ার্কশপ বাসস্টপে বদিউজ্জামান রোড সংলগ্ন স্বাধীনতা সরণি স্বাধীনতা সরণিতে ঢালাই দ্বারা রাস্তা ও ফুটপাত মেরামত কাজ। | ৭০,৬৭৬/- | মেসার্স আজিজ কর্পোরেশন | ৭৩,৪৯৫/৯৭ | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| ৩। | সেনাপল্লী স্কুলের ২০১১-২০১২ অর্থ বছরের বাৎসরিক সংস্কার, মেরামত সাজসজ্জা করণ কাজ। | ২,৪৯,৮২৮/- | মেসার্স দরবার শরীফ এন্টারপ্রাইজ | ২,৪৯,৮২৮/০০ | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| ৪। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার শহীদ বদিউজ্জামান রোড সংলগ্ন পুকুর পাড়ে ক্যান্টনমেন্ট বোর্ডের জরুরী কাজে নিয়োজিত কর্মচারীদের জন্য ডরমেটরী নির্মাণ। | ৫১,৯৬,৬৩৯/- | মেসার্স গাজী এন্ড ব্রাদার্স | ৬১,১৯,৫৬৯/০০ | অনুদান |
| ৫। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার শহীদ বদিউজ্জামান রোড সংলগ্ন পুকুর পাড়ে প্যালাসাইডিং করণ এবং রোড সাইডে বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ। | ৯,৯১,৬৬০/- | মেসার্স দি এসোসিয়েটস্ | ১১,৪৪,৫২৫/০০ | অনুদান |
| ৬। | আদর্শ বিদ্যানিকেতন, মানিকদীর বাৎসরিক মেরামত ও সাজসজ্জাকরণ। | ৫,৭৬,৭২৩/- টাকা | মেসার্স শাহীদুল ইসলাম এন্ড কোং | ৫,৮৮,২৫৭/৪৬ | মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং বিদ্যালয় তহবিল |
| ৭। | মিরপুর ডিওএইচএস এর প্রধান ও আভ্যন্তরীন সংযোগ সড়কে স্পীড ব্রেকার স্থাপন কাজ। | ৫,৪০,৬১১/-টাকা | মেসার্স আর এস এন্টারপ্রাইজ | ৫,৪০,৬১১/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| ৮। | ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশল শাখার নব-নির্মিত পশ্চিম পার্শ্বের কক্ষে ১টি স্টীলের র‌্যাক ও ভার্টিক্যাল ব্লাইন্ড সরবরাহ। | ৪৭,৪৪১/- টাকা | মেসার্স চাঁন মিঞা ইঞ্জিনিয়ার্স | ৪৭,৪৪১/- টাকা | প্রকৌশল শাখার নৈমিত্তিক খাত |
| ৯। | ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল ভবনের নিচতলার পূর্ব অংশ মেরামত কাজ (ইলেক্ট্রিক ও সিভিল)। | ২৩,৯৮,২৬৫/- টাকা | মেসার্স সিকদার এন্টারপ্রাইজ | ২৪,৯৪,১৯৫/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |

গৃহীত সিদ্ধান্ত ঃ Tender Evaluaiton Committee এর মতামতসহ বিস্তারিত পর্যালোচনান্তে ক্রমিক নং-৪, ৫ ও ৯ ব্যতীত উপরোল্লিখিত কাজের দরগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-১, ২, ৩ ও ৬ এ উল্লেখিত প্রকল্পগুলির কার্যাদেশ প্রদানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। ক্রমিক নং-৪ ও ৫ এ উল্লেখিত প্রকল্প দু'টি সিএমইএস (আর্মি) এর ভেটিং সাপেক্ষে অনুমোদন করা হলো। ক্রমিক নং-৯ এ উল্লেখিত কাজটি Tender Evaluaiton Committee এর পরামর্শ মোতাবেক অনুমোদিত মূল্যানুমানের মধ্যে সংকুলান করার সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-৪, ৫, ৭, ৮ ও ৯ এ উল্লেখিত প্রকল্পগুলি চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে কাগজাদি প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২৭ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ জনতা ব্যাংকের এটিএম বুথের নকশা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ জনতা ব্যাংকের এটিএম বুথের নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৮ঃ ব্রিটিশ আমেরিকান ট্যোবাকোর আভ্যন্তরীন নকশা পরিবর্তনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ব্রিটিশ আমেরিকান ট্যোবাকোর আভ্যন্তরীন পরিবর্তনের নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৯ঃ ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদ সংলগ্ন পশ্চিম পার্শ্বে নতুন ৪ তলা ফাউন্ডেশন বিশিষ্ট মসজিদ ভবন নির্মাণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টি আপাততঃ বিবেচনা করা হলো না।

আলোচ্যসূচী-৩০ঃ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থাসহ ইলেক্ট্রো-মেকানিক্যাল পার্টের নকশা ও স্পেসিফিকেশন তৈরীর জন্য কনসালটেন্ট নিয়োগের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ দরপত্র আহ্বান করে কনসালটেন্ট নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩১ঃ মিরপুর ডিওএইচএস এলাকায় ইলেক্ট্রিক পোল ব্যবহার করে ইন্টারনেট কানেকশনের ক্যাবল টানার অনুমতি প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, এ বিষয়ে মিরপুর ডিওএইচএস পরিষদ এর মতামত চাওয়া হলে ইলেক্ট্রিক পোলে ইন্টারনেট এর তার টাঙানোর পক্ষে সম্মতি প্রদান করা হয়নি। বিস্তারিত আলোচনান্তে বিষয়টির অনুমোদন প্রদান না করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩২ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ঢাকা মেট্রো-চ-৫১-৫৬১০ মাইক্রোবাসের এসি মেরামতের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ঢাকা মেট্রো-চ-৫১-৫৬১০ মাইক্রোবাসের এসি মেরামত কাজের জন্য ৩০,০০০/-টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

৩৩ বিবিধ-১ ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমতি ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতা/ আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতা/গ্রহীতার নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ/ডিক্লারেশন অব হেবা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | বাড়ী#৮০, রোড#১১, ফ্ল্যাট#৯ (৫ম তলা পূর্ব পার্শ্ব), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | আছিয়া বেগম<br>স্বামী- মৃত এম এ রাজ্জাক<br>বাড়ী#৮০, রোড#১১, ফ্ল্যাট#৫ম তলা পূর্ব পার্শ্ব, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।<br>তাং- ২৭/৩/২০১৩ | জনাব মোহাম্মদ এনামুল করিম<br>পিতা- মৃত এম এ রাজ্জাক<br>মাতা- আছিয়া বেগম<br>বাড়ী#৮০, রোড#১১, ফ্ল্যাট#৫ম তলা পূর্ব পার্শ্ব, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ডিক্লারেশন অব হেবা মূলে ঔরসজাত পুত্রকে দানপত্রের অনুমতি | ফ্ল্যাটের আয়তন- ১,৭০০ বঃ ফুঃ (কম/বেশী) (কার পার্কিংসহ)<br>বার্ষিক গৃহকর- ২৪,০০০/-টাকা জুন, ২০১৩ পর্যন্ত পরিশোধিত<br>অননুমোদিত নির্মাণ নেই । বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| (২) | বাড়ী#১৯/এ, রোড#৩, ফ্ল্যাট#২-এ (৩য় তলা পশ্চিম পার্শ্ব), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | বেগম নিলুফার আক্তার<br>স্বামী- হেলাল উদ্দিন আহমেদ<br>বাড়ী#১৯/এ, রোড#৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।<br>তাং- ৩০/৭/২০১২ | বেগম নুশরাত শারমিন<br>স্বামী- ওয়াহিদ আহমেদ<br>বাড়ী#১৯/এ, রোড#৩, ফ্ল্যাট#৩-এ<br>ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ২৭/৩/২০১৩ তারিখের ২৩.০৫.৫০১.৩০০. ১০.০২৯.০১.২৭.০৩.১৩ | ফ্ল্যাটের আয়তন- ১৯১০ বঃ ফুঃ<br>কার পার্কিং- ০১ (নিচতলায়)<br>বার্ষিক গৃহকর- ১৮,৭৫০/-টাকা জুন, ২০১৩ পর্যন্ত পরিশোধিত<br>অননুমোদিত নির্মাণ নেই । বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ক্রমিক নং-১ এ উল্লেখিত ফ্ল্যাটটি ঔরসজাত পুত্রকে ডিক্লারেশন অব হেবা মূলে দান করার এবং ক্রমিক নং-২ এ উল্লেখিত ফ্ল্যাটটি প্রস্তাবিত ক্রেতার অনুকূলে বিক্রয়/হস্তান্তর করার অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

৩৩ বিবিধ-২ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের ০৩(তিন) বছর মেয়াদী ৭০/বি (পাকা-দোতলা) নং দোকান পুনঃ বরাদ্দের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের ৭০/বি (পাকা-দোতলা) নং দোকানটি ০৩(তিন) বছরের জন্য ৬০,০০০/- (ষাট হাজার) টাকা সালামীতে পুনঃ বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হলো।

৩৩ বিবিধ-৩ঃ ঢাকা সেনানিবাস আবাসিক এলাকায় ই-বাংলা লিমিটেড-কে ইন্টারনেট সার্ভিস ও সেবা প্রদানের অনুমতি প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের অনুমোদিত নীতিমালার আলোকে ক্যান্টনমেন্ট বাজার এলাকায় ই-বাংলা লিমিটেডকে ইন্টারনেট সার্ভিস ও সেবা প্রদানের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

৩৩ বিবিধ-৪ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | কমান্ডার শেখ মোহাম্মদ আলতাফ হোসেন (অবঃ) | ৫৯০ | মিরপুর ডিওএইচএস | - | ০৭ সাত তলা নতুন ভবন |
| (২) | কর্ণেল খোন্দকার ওবায়দুল আহসান, পিএসসি | ১১৭৬ | মিরপুর ডিওএইচএস | - | ০৭ সাত তলা নতুন ভবন |

গৃহীত সিদ্ধান্ত ঃ নকশাটি অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন। বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস এর ৫৯০ ও ১১৭৬ নং প্লটে এমইও'র ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ০৭(সাত) তলা নতুন ভবন নির্মাণের নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

৩৩ বিবিধ-৫ঃ মহাখালী ডিওএইচএস এলাকার মাজার সংলগ্ন পুকুরের চতুর্দিকে সৌন্দর্য বর্ধক ওয়াকওয়ে ট্র্যাক ও বৈকালিন পার্ক নির্মাণ কাজে নিয়োজিত ঠিকাদার কনফিডেন্স কনসালটেন্ট এন্ড কনস্ট্রাকশন কর্তৃক দাখিল ২৭/৩/২০১৩ তারিখের আবেদনে কন্ট্রাক সিডিউলে এমএস রড আইটেম অন্তর্ভুক্ত না হওয়ায় এর আইটেম এগ্রীড রেট হিসাবে সংযুক্তির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। আবেদনপত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ এ বিষয়ে সিএমইএস (আর্মি) এর মতামত গ্রহণ করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৫.০৪.২০১৩

( মোঃ রেজাউল ইসলাম )
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

২।৫।১৩

(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সাঈদ আনোয়ারুল ইসলাম)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।